সমকাল

15 MAR 2017
2 2

# রাবি উপাচার্যসহ ৪ জনের বিরুদ্ধে হাইকোর্টের রুল

■ সমকাল প্রতিবেদক

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) জমি কেনা নিয়ে আর্থিক অনিয়ম-দুর্নীতির অভিযোগের বিষয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। রুলে রাবি উপাচার্য, উপ-উপাচার্য, নিবন্ধক ও কোষাধ্যক্ষের বিরুদ্ধে জমি কেনাসহ আর্থিক অনিয়মের অভিযোগ তদন্তের নির্দেশ কেন দেওয়া হবে না এবং অনিয়মের অভিযোগ অনুসন্ধান ও তদন্তের নিষ্ক্রিয়তা কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করা হবে না, তা জানতে চাওয়া হয়েছে।

বিচারপতি নাঈমা হায়দার ও বিচারপতি আবু তাহের মোহাম্মদ সাইফুর রহমানের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল মঙ্গলবার এ রুল জারি করেন। আগামী চার সপ্তাহের মধ্যে স্বরাষ্ট্র সচিব, দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ও পুলিশের মহাপরিদর্শকসহ বিবাদীদের রুলের জবাব দিতে বলা হয়েছে।

গত ৫ ফেব্রুয়ারি 'রাজশাহী বিশ্ববিদ্যালয় : জমি কেনা নিয়ে নয়ছয়' শিরোনামে একটি দৈনিকে প্রতিবেদন প্রকাশিত হয়। পরে আরও কয়েকটি গণমাধ্যমে এ-সংক্রান্ত খবর আসে। এরই ধারাবাহিকতায় গত ১২ মার্চ দুর্নীতির অভিযোগ খতিয়ে দেখতে হাইকোর্টে রিট করেন রাবির প্রাক্তন শিক্ষার্থী আসাদুজ্জামান। গতকাল ওই রিটের শুনানি নিয়ে আদালত রুল জারি করেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী এম আমিন উদ্দিন। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মো. মোখলেসুর রহমান।